

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
গবেষণা ও সংস্কার সেল

বিষয় : মপবি/গসসে/সুশাসন(অভিযোগ-ফোকাল পয়েন্ট)/৫৪/২০০৭/৫২২


তারিখ : ১৭ বৈশাখ ১৪১৫
৩০ এপ্রিল ২০০৮

বিষয় : অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির জন্য মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসূত্রিক সহজসাধ্য কৌশল নিরূপণ ও ভবিষ্যত করণীয় পর্যালোচনা।

জান প্রশাসনে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠাকল্পে বর্তমান সরকার বিভিন্ন সংস্কার কর্মসূচি গ্রহণ করেছে। এই সংস্কার কর্মসূচির অংশ হিসাবে মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং মপবি/গসসে/সুশাসন প্রোগ্রাম/৫২/২০০৭/৩৯৬; তারিখ ০৫ সেপ্টেম্বর ২০০৭ এর পরিপ্রেক্ষিতে দুর্নীতি ও অন্যান্য অনিয়ম সম্পর্কিত অভ্যন্তরীণ (Internal) ও বাহ্যিক (External) অভিযোগ কার্যকর ও দ্রুততার সাথে নিষ্পত্তির লক্ষ্যে ইতোমধ্যে মন্ত্রণালয়/বিভাগ ও সংস্থাসূত্রিক একজন ফোকাল পয়েন্ট নির্ধারণ করা হয়েছে। সেবা প্রত্যাশী মানুষের দুর্নীতি ও অন্যান্য অনিয়ম সম্পর্কিত অভিযোগ প্রতিকার ও প্রতিরোধের নিমিত্ত প্রতিটি বিভাগ/দপ্তরে একটি অভ্যন্তরীণ কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠাকল্পে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করার অনুরোধ করা যাচ্ছে :

- অভিযোগ নিষ্পত্তির বর্তমান পদ্ধতি ও ফোকাল পয়েন্ট সম্পর্কে (নাম, পদবী, ফোন, ফ্যাক্স, ই-মেইল, পূর্ণ ঠিকানা) সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এর ওয়েবসাইটে পূর্ণ তথ্যাদি প্রদর্শনের ব্যবস্থা করা;
- প্রতি মাসে প্রাপ্ত অভিযোগ এর সংখ্যা নির্ধারণ ও গুরুত্ব বিবেচনায় নিষ্পত্তিকৃত অভিযোগ বিষয়ে ডাটাবেইজ প্রস্তুতকরণঃ এ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগকে পত্রের মাধ্যমে অবহিত করা;
- মন্ত্রণালয়/বিভাগের স্ব স্ব কর্মকাণ্ড বিষয়ে সচিবের নেতৃত্বে যে মাসিক পর্যালোচনা সভা হয়ে থাকে সে সভায় অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বিষয়টি গুরুত্ব আরোপপূর্বক ব্যবস্থাটিকে দ্রুত কার্যকর করার নিমিত্ত প্রয়োজনীয় দিক-নির্দেশনা ও সিদ্ধান্ত প্রদান করা;
- গুরুত্ব বিবেচনায় প্রাপ্ত অভিযোগসমূহের তিনটি শ্রেণী-বিভাজন (গুরু, মধ্যম ও লঘু) করতঃ অগ্রাধিকারভিত্তিতে সেবা প্রত্যাশীকে অভিযোগের চূড়ান্ত নিষ্পত্তি সম্পর্কে অবহিত করা;
- অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির বর্তমান ব্যবস্থা সম্পর্কে জনগণকে অবহিত রাখার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় প্রচারণার ব্যবস্থা করা।

বর্ণিত বিষয়ে উল্লিখিত দিক-নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রিপরিষদ বিভাগের মপবি/গসসে/সুশাসন প্রোগ্রাম/৫২/২০০৭/৩৯৬; তারিখ ০৫ সেপ্টেম্বর ২০০৭ নং স্মারক-এর পরিপ্রেক্ষিতে এ পর্যন্ত প্রাপ্ত অভিযোগ ও নিষ্পত্তিকৃত কেইসের সংখ্যা উল্লেখপূর্বক এতদসংগে সংযুক্ত ছক অনুযায়ী একটি প্রতিবেদন আগামী ১২/০৫/২০০৮ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে।


(মোঃ যুসুফ হোসেন)
সিনিয়র সহকারী প্রধান
ফোন : ৯৫৭১০৪০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
- ৩। সচিব,..... মন্ত্রণালয়।
- ৪। সদস্য,..... পরিকল্পনা কমিশন।